অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

দেশজুড়ে ভেপিং সম্পর্কিত অসুস্থতা বৃদ্ধি পাওয়ার পরে গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের ক্ষতিকারক এবং আসক্তিকর ভেপিং পণ্যগুলি থেকে রক্ষা করতে আগ্রাসী পদক্ষেপ নিচ্ছেন

ভেপিং পণ্যগুলির কালো বাজারিতে ব্যবহৃত "ঘন করার উপকরণসমূহের" বিপণন ও বিক্রয়ে লিপ্ত কোম্পানিগুলির উপর হুকুমনামা জারি করার জন্য স্বাস্থ্য দপ্তরকে (Department of Health, DOH) নির্দেশ দিয়েছেন

গভর্নর স্বাস্থ্য দপ্তরকে (DOH) নিউ ইয়র্ক স্টেটের সমস্ত বাষ্প এবং ধোঁয়ার নেশার দোকানগুলিতে সতর্কতার চিহ্নগুলি আবশ্যিক করার জরুরি বিধি জারি করতে নির্দেশ দিয়েছেন

গন্ধযুক্ত ই-সিগারেটগুলি নিষিদ্ধ করে গভর্নর নতুন আইন প্রণয়ন করবেন

সাধারণ মানুষের স্বাস্থ্য সম্পর্কিত দুটি ক্রমবর্ধমান সংকটের সমাধানের জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরকে একগুচ্ছ পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছেন। স্বাস্থ্যের সংকটগুলি হল: বাষ্প শোঁকা-সম্পর্কিত শ্বাস প্রশ্বাসের রোগ বেড়ে চলা এবং তরুণদের মধ্যে বাষ্প শুঁকে নেশা করার পণ্যগুলির ব্যবহার বৃদ্ধি এবং সারাজীবনের জন্য নিকোটিনে আসক্ত হয়ে পড়া। ভেপিং পণ্যগুলির কালো বাজারিতে ব্যবহৃত "ঘন করার উপকরণসমূহের" বিপণন ও বিক্রয়ে লিপ্ত কোম্পানিগুলির উপর হুকুমনামা জারি করার জন্য এবং সমস্ত বাষ্প এবং ধোঁয়ার নেশার দোকানগুলিতে সতর্কতার চিহ্নগুলি আবশ্যিক করার জরুরি বিধি জারি করতে গভর্নর স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছেন। উপরন্তু, গভর্নর ঘোষণা করেছেন যে গন্ধযুক্ত ই-সিগারেটগুলি নিষিদ্ধ করতে তিনি নতুন আইন প্রণয়ন করবেন।

"সাধারণ জ্ঞান বলে যে তুমি যদি না জানো যে তুমি কী ধূমপান করছ, তাহলে সেটি ধূমপান কোরো না, এবং এই মুহূর্তে আমরা জানি না এই প্রচুর ভেপিং উপাদানগুলির মধ্যে আমরা কী ধূমপান করছি", **গভর্নর কুওমো বলেন।** "ভেপিং-সংক্রান্ত অসুস্থতা বৃদ্ধি একটি ভয়ঙ্কর জনস্বাস্থ্য সমস্যা এবং আমি স্বাস্থ্য দপ্তরকে এই সমস্যা সমাধানের জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিচ্ছি, যার মধ্যে আছে, ভেপিং পণ্যগুলি তৈরি করতে এই কোম্পানিগুলি কোন ভেপিং উপাদানগুলি ব্যবহার করে তা দেখার জন্য একটি তদন্ত শুরু করা এবং ধোঁয়া এবং বাষ্পীয় নেশার দোকানগুলিতে, এই নেশা যে কতটা ঝুঁকিমূলক কার্যকলাপ তা মানুষদের জানাবার জন্য একটি সতর্কতার পোস্টার লাগানো। সেইসাথে আমি একটি নতুন আইন প্রস্তাব করতে চলেছি যা সুগন্ধি

ই-সিগারেটগুলিকে নিষিদ্ধ করবে। যতক্ষণ সেগুলি কার্যকর না হয় ততক্ষণ আমাদের উপদেশ খুবই সরল: এটি করবেন না কারণ আমরা জানি না এটি নিরাপদ কিনা।"

"আমাদের তরুণ প্রজন্ম এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য আমাদের একটি অঙ্গীকারবদ্ধতা এবং দায়িত্ব আছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যেহেতু দেশ জুড়ে ভেপিং-সম্পর্কিত অসুস্থতা বেড়ে চলেছে, তাই এই সমস্যাটি সমাধানের জন্য এবং আমাদের বাচ্চা এবং পরিবারগুলিকে ক্ষতির হার থেকে রক্ষা করতে আমরা পদক্ষেপ নিচ্ছি। আমরা নিশ্চিত করতে চাই যে, যে কোনো অন্যায় কাজের জন্য কোম্পানিগুলিকে জবাবদিহি করতে হবে এবং অসুস্থতা প্রতিরোধ করতে এবং স্বাস্থ্যকর জীবনযাত্রার উন্নয়নের জন্য যথাযথ আইন আছে।"

তিনটি কোম্পানি যারা ভেপ লিক্যুইড তৈরি করা কোম্পানিগুলিকে ঘন করার পণ্যগুলি বিপণন করে বলে দপ্তর সনাক্ত করেছে, সেই তিনটি কোম্পানিকে হুকুমনামা জারি করার জন্য গভর্নর কুওমো স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছেন। এই ঘনকারী উপাদানগুলি, সুগন্ধকে বা বিদ্যমান পণ্যগুলির গন্ধকে নেতিবাচকভাবে প্রভাবিত না করা এবং ভেপ পণ্যগুলিকে যে কোন পর্যায়ের THC তে কমাবার জন্য ব্যবহার করা সম্ভব একটি সস্তা, নিরাপদ বিকল্প হিসেবে ইন্টারনেটে বিপণন এবং সহজে উপলভ্য করা হচ্ছে। স্বাস্থ্য দপ্তর জনস্বাস্থ্যের এই সমস্যার যে তদন্ত করছে সেটিতে সহায়তা করার জন্য স্বাস্থ্য দপ্তর তাদেরকে আরও তথ্য প্রদান করার আদেশ দিচ্ছে। দি ওয়ার্ডসওয়ার্থ সেন্টার (Wadsworth Center) এই তিনটি কোম্পানি থেকে ঘনকারী উপাদানগুলির নমুনা সংগ্রহ করেছে এবং নির্ণয় করেছে যে সেগুলিতে প্রায় খাঁটি ভিটামিন ই অ্যাসিটেট তেল আছে। কোম্পানিগুলিকে এই হুকুমনামা পাঠানো হয়েছে এবং তাদের পণ্যের নামগুলি হল: সান্টা মনিকাতে হনি কাট ল্যাবস এলএলসির (Honey Cut Labs LLC) হনি কাট ডিলুটিং এজেন্ট (Honey Cut Diluting Agent); ইপ্সিলান্টি, মিচিগানে, ফ্লোরাপ্লেক্স টারপিনসের (Floraplex Terpenes) উবের থিক (Uber Thick), এবং আর্মহার্স্ট, ম্যাসাচুসেটসে মাস টারপিনসের (Mass Terpenes) পিওর ডিলুয়েন্ট (Pure Diluent)। এই তিনটি কোম্পানি হল প্রথম যাদের উপর হুকুমনামা জারি করা হবে, কিন্তু তদন্ত চলাকালীন আরও কোম্পানিকে নমুনা প্রদান করার জন্য আদেশ দেওয়া হতে পারে।

তদন্তটি যখন এখনও চলছে, ল্যাবরেটরিতে প্রাপ্ত ফলাফল অনুযায়ী দেখা গেছে যে ওয়ার্ডসওয়ার্থ সেন্টারের বিশ্লেষণ করা প্রায় সমস্ত ক্যানিবিস-যুক্ত নমুনাগুলিতে উচ্চ পর্যায়ের ভিটামিন ই অ্যাসিটেট আছে। ভিটামিন ই হল সহজে উপলভ্য পুষ্টিমূলক সম্পূরক যেটি ভিটামিন সম্পূরক খাদ্য হিসেবে গ্রহন করা হলে বা ত্বকে প্রয়োগ করা হলে কোনো ক্ষতি হয় বলে জানা যায় নি। যদিও, শোঁকার ক্ষেত্রে শরীরে এটির কী প্রভাব পড়ে তা স্বাস্থ্য দপ্তর অনুসন্ধান করা অব্যাহত রেখেছে কারণ এর তেলের-মতো বৈশিষ্ট্যগুলি পরিলক্ষিত শ্বাস প্রশ্বাস সম্পর্কিত উপসর্গগুলির সাথে সম্পর্কিত হতে পারে।

ওয়ার্ডসওয়ার্থের-পরীক্ষিত পণ্যগুলি যাতে ভিটামিন ই অ্যাসিটেট পাওয়া গেছে তার কিছু ছবি এখানে দেখা যেতে পারে।

সেইসাথে, গভর্নর কুওমো স্বাস্থ্য দপ্তরকে জনস্বাস্থ্য এবং স্বাস্থ্য পরিকল্পনা পরিষদের (Public Health and Health Planning Council, PHHPC) অনুমোদন সাপেক্ষে, নিউ ইয়র্ক স্টেটে ভেপিং পণ্য বিক্রয়কারী সংস্থাগুলিকে ভেপিংয়ের বিপদ প্রদর্শনকারী সাইনেজ লাগাবার জরুরি নিয়মাবলী জারি করার জন্য নির্দেশ দিয়েছেন। ভেপিংয়ের সাথে জড়িত বহুবিধ ঝুঁকিগুলি সম্পর্কে জনসাধারণকে আরও শিক্ষিত করে তুলতে স্বাস্থ্য দপ্তর একটি পাবলিক সার্ভিস ক্যাম্পেনও আরম্ভ করছে।

সবার শেষে, গভর্নর বলেছেন যে নিউ ইয়র্ক স্টেটে ইলেকট্রনিক সিগারেটের ব্যবহারকে নিরুত্সাহ করতে সুগন্ধি ইলেকট্রনিক লিক্যুইডগুলি সঙ্গে রাখা, তৈরি করা, বন্টন করা, বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করা নিষিদ্ধ করার জন্য আইন প্রণয়ন করবেন।

স্বাস্থ্য দপ্তরের ডেটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের 12 গ্রেডের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 40 শতাংশ এবং হাই স্কুলের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 27 শতাংশ এখন ই-সিগারেট ব্যবহার করে, এবং এই বৃদ্ধির অন্যতম প্রধাণ কারণ হল সুগন্ধী ই-লিক্যুইড। 2018 সালে হাই স্কুলে এর ব্যবহার (27.4%) 2014 সালে এর ব্যবহারের (10.5%) থেকে 160 শতাংশ বৃদ্ধি পেয়েছে। যেখানে নিউ ইয়র্কের হাই স্কুলের ছাত্র ছাত্রীদের ধূমপানের হার 2000 সালের 27.1% থেকে 2016 সালে 4.3% এ রেকর্ড হ্রাস পেয়েছিল, সেখানে সুগন্ধী ই-সিগারেটের আগ্রাসী বিপণন প্রচার প্রবণতাটিকে পরিবর্তন করেছে। সুগন্ধী করে তোলা যুবাদের আকৃষ্ট করতে ভেপিং/অ্যারোসল শিল্পের একটি মুখ্য বিপণন কৌশল ঠিক যেমন সিগারেট, সিগার, এবং ধোঁয়াহীন তামাকের বাজারগুলিতে আছে। ই-সিগারেট বিপণন মিন্ট চকোলেট, বাবলগাম এবং চেরি কোলার মতো সুগন্ধগুলিকে হাইলাইট করে, এবং একটি ভ্রান্ত বিশ্বাস তৈরি করে যে সেগুলি ব্যবহারকারীদের জন্য ক্ষতিকারক নয়। অধ্যয়নে দেখা গেছে যে 2016 সালে প্রায় 78% হাই স্কুল ছাত্র ছাত্রী, এবং 75% মিডিল স্কুলের ছাত্র ছাত্রীকে প্রো-টোবাকো মার্কেটিংয়ে প্রদর্শন করা হয়েছে বলে রিপোর্ট করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "ভেপিং-সম্পর্কিত অসুস্থতার প্রাদুর্ভাব এবং ভেপ পণ্যগুলি ব্যবহারকারী যুবাদের সংখ্যাবৃদ্ধি এবং সারাজীবনের জন্য আসক্ত হয়ে পড়া হল দুটি গুরুতর জনস্বাস্থ্য সমস্যা। জনগণের স্বাস্থ্যের ক্ষতি করে যারা মুনাফা লোটে তাদের বিরুদ্ধে দ্রুত এবং আক্রমনাত্মক পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই।"

শনিবার, গভর্নর ঘোষণা করেছেন যে ভেপিং-সম্পর্কিত অসুস্থতায় এই তদন্তের সময় ভেপিং বন্ধ করতে স্বাস্থ্য দপ্তর নিউ ইয়র্কবাসীদের উদ্দেশ্যে নির্দেশিকা জারি করেছে। 2019 সালের 9ই সেপ্টেম্বর পর্যন্ত, স্বাস্থ্য দপ্তর নিউ ইয়র্ক স্টেটের চিকিত্সকদের থেকে 41টি গুরুতর অসুস্থতার রিপোর্ট পেয়েছে যার মধ্যে 15 থেকে 46 বছর বয়সী ব্যক্তিবর্গ যারা অসুস্থ হওয়ার আগে অন্তত একবার ক্যানাবিস-থাকা ভেপ পণ্য ব্যবহার করেছেন। যদিও, সম্প্রতি রিপোর্ট পাওয়া সমস্ত রোগী বিভিন্ন ধরণের ভেপ পণ্য ব্যবহার করেন।

স্টেটের কঠোর নিয়ন্ত্রণাধীন মেডিকেল মারিজুয়ানা প্রোগ্রামে (Medical Marijuana Program) বর্তমানে অনুমদিত সমস্ত ভেপ পণ্যগুলির পুঙ্খানুপুঙ্খ পরীক্ষাও অব্যাহত রেয়েছে। এই তদন্তটি আরম্ভ

হওয়া থেকে নিশ্চিতরূপে জ্ঞাত রোগীদের মধ্যে ভেপিং সম্পর্কিত কোনো প্রতিকূল ঘটনার কথা শোনা যায়নি। তবুও, অতিরিক্ত সাবধানতা স্বরূপ, তদন্তটি চলাকালীন আমরা মেডিকেল মারিজুয়ানা প্রোগ্রামের রোগীদের ভেপিং পণ্যগুলির সম্ভাব্য বিকল্পগুলি সম্পর্কে তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সাথে আলোচনা করারও সনির্বন্ধ অনুরোধ জানাই। আরও তথ্যের জন্য, রোগীরা 844-863-9312 নম্বরে স্টেটের মেডিকেল মারিজুয়ানা প্রোগ্রামের সাথেও যোগাযোগ করতে পারেন।

ভেপ পণ্য ব্যবহারকারী কারোর উপসর্গগুলি দেখা গেলে তাদের অবিলম্বে তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত। স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সম্ভাব্য কেসগুলি স্থানীয় বিষ নিয়ন্ত্রণ কেন্দ্রে (1-800-222-1222) রিপোর্ট করা উচিত। আপনার সমস্ত ভেপিং ডিভাইস বা পণ্য সম্পর্কে আপনি উদ্বিগ্ন হলে বা শুধুমাত্র আরও তথ্য চাইলে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের ভেপিং হটলাইনের 1-888-364-3046 নম্বরে ফোন করুন।

ভেপ পণ্য ব্যবহারকারী রোগীদের কয়েক দিন থেকে সপ্তাহের মধ্যে বিভিন্ন ধরণের উপসর্গ দেখা দেয়, যার মধ্যে আছে:

- ফুসফুস সংক্রান্ত রোগ (কাশি, হাঁপিয়ে যাওয়া, বুকে ব্যাথা)
- গ্যাস্ট্রোইনটেস্টাইনাল রোগ (গা গোলানো, বমি, ডাইরিয়া)
- ক্লান্তি
- জ্বর
- মাথাব্যথা
- ওজন হ্রাস

আরও তথ্যের জন্য, দেখুন: https://health.ny.gov/prevention/tobacco_control/campaign/e-cigarettes/।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন